ASIAN AMERICAN LEGAL DEFENSE AND EDUCATION FUND
99 HUDSON STREET, 12 FL • NEW YORK, NY 10013 • 212.966.5932 • www.aaldef.org

আদমশুমারি ও দ্বিভাষিক ব্যালট (ভোটপত্র)

ইউ.এস. (এ.জ.) সেন্সাস ব্যুরো দুটি সমীক্ষা পরিচালনা করে - সেন্সাস (আদমশুমারি) ২০১০ এবং আমেরিকান কমিউনিটি সার্ভে (আমেরিকান সম্প্রদায়ের সমীক্ষা) (অইজ) - যা দ্বিভাষিক ব্যালট, অনুবাদিত ভোটদানের কাগজপত্র এবং নির্বাচনের সময়ে ভোট দেওয়ার স্থানে দোভাষীর থাকবেন কিনা তা নির্ধারণ করে। এই সমীক্ষাগুলিতে অংশগ্রহণ এটাও সুনিশ্চিত করতে সাহায্য করে যেন এশীয় আমেরিকান সম্প্রদায় সামাজিক সেবার জন্য অনুদানের ন্যায্য অংশ ও রাজনৈতিক প্রতিনিধিত্ব পেতে পারে।

প্রথমত, দশবার্ষিকী আদমশুমারি হল প্রতি ১০ বছর অন্তর সম্পন্ন সমগ্র জনসংখ্যার একটি গণনা। মার্চ ২০১০-এ প্রত্যেক পরিবার দশবার্ষিকী আদমশুমারির একটি ফর্ম পাবে, যা বয়স, লিঙ্গ, বৈবাহিক স্থিতি, এবং জাতি/জাতিগত পরিচয় সম্বন্ধে কয়েকটি সহজ প্রশ্ন জিজ্ঞাসা করে।

দ্বিতীয়ত, প্রতি মাসে জনসংখ্যার একটি অবিন্যস্ত নমুনার কাছে আমেরিকান কমিউনিটি সার্ভে (অইজ) বিতরণ করা হয়। অইজ একটি অনেক দীর্ঘতর প্রশ্নমালা যা নাগরিকত্ব, উপার্জন, শিক্ষা, কর্মনিয়োগ, এবং ইংরেজীর দক্ষতার বিষয়ে প্রশ্ন জিজ্ঞাসা করে।

এই ফর্মগুলি ডাকে ফেরত পাঠানো না হলে, আদমশুমারির ব্যক্তিরা সাক্ষাতকারের মাধ্যমে তথ্যগুলি নেওয়ার জন্য আপনার বাড়িতে পরিদর্শনে আসবেন। উভয় প্রশ্নমালাই সুনির্দিষ্ট প্রশ্ন জিজ্ঞাসা করে যা রাষ্ট্রীয় ভোটিং রাইট্স অ্যাক্ট (ভোটের অধিকার আইন) এর অধীনে ভাষা সহায়তার লভ্যতা নির্ধারণে সাহায্য করে। সুতরাং এশীয় আমেরিকান সম্প্রদায়ের একটি সম্পূর্ণ গণনা এবং নির্ভুল পরিসংখ্যানগত চিত্র পাওয়া জরুরী।

আইন

ভোটিং রাইট্স অ্যাক্ট (ভোটের অধিকার আইন) এর ভাষা সহায়তার বন্দোবস্ত (অনুচ্ছেদ 203) এর অধীনে যেই সমস্ত কাউন্টিতে অবশ্যই দ্বিভাষিক ব্যালট, অনুবাদিত ভোট দেয়ার কাগজপত্র এবং দোভাষী প্রদান করতে হয়, আদমশুমারির রিপোর্ট অনুযায়ী সেই কাউন্টিগুলিতে 5% বা 10,000 এর বেশি সংখ্যক মানুষ (1) 18 বছরের বেশি বয়সী (ভোট দেওয়ার বয়স), (2) যুক্তরাষ্ট্রের নাগরিক, (3) একই এশীয় ভাষায় কথা বলে, (4) ইংরেজীতে সীমিত দক্ষতা আছে, এবং (5) রাষ্ট্রীয় নিরক্ষরতার হারের চেয়ে অধিকতর নিরক্ষরতার হার আছে।

2000 এর আদমশুমারির পরে, সাতটি রাজ্যের ষোলটি কাউন্টিতে এক বা একাধিক এশীয় ভাষায় ভাষা সহায়তা প্রদানের প্রয়োজন হয়েছিল। 2010 এর আদমশুমারির তথ্য খুঁটিয়ে দেখার পরে, রাষ্ট্রীয় আইন আরো কাউন্টি ও আরো বেশি এশীয় ভাষাকে এই নিয়মের আওতায় আনতে পারে।

ভোটিং রাইট্স অ্যাক্ট এর অনুচ্ছেদ 203 এর অধীনে আওতাভুক্ত এশীয় ভাষাসমূহ
2000 এর আদমশুমারির ভিত্তিতে

আলাস্কা
- কোডিয়াক আইল্যান্ড বরো: ফিলিপিনো

ক্যালিফোর্নিয়া
- আলামেডা: চীনা
- লস অ্যাঞ্জেলেস: চীনা, জাপানী, কোরীয়, ফিলিপিনো, ভিয়েতনামী
- অরেঞ্জ: চীনা, কোরীয়, ভিয়েতনামী
- সান দিয়েগো: ফিলিপিনো
- সান ফ্রান্সিসকো: চীনা
- সান ম্যাটিও: চীনা
- সান্তা ক্লারা: চীনা, ফিলিপিনো, ভিয়েতনামী

হাওয়াই
- হনলুলু: চীনা, ফিলিপিনো, জাপানী
- মাউয়ি: ফিলিপিনো

ইলিনয়
- কুক: চীনা

নিউ ইয়র্ক
- কিংস (ব্রুকলিন): চীনা
- নিউ ইয়র্ক (ম্যানহাটান): চীনা
- কুইন্স: চীনা, কোরীয়

টেক্সাস
- হ্যারিস: ভিয়েতনামী

ওয়াশিংটন
- কিং: চীনা

আইনটি কীভাবে কাজ করে

দশবার্ষিকী আদমশুমারির ফর্ম

প্রত্যেক পরিবার মার্চ 2010 এ একটি ‘‘দশবার্ষিকী আদমশুমারির ফর্ম’’ পাবে। প্রত্যেককে এই আদমশুমারির ফর্ম অবশ্যই পূরণ করতে হবে।

উত্তরদাতাদের অবশ্যই উত্তর দিতে হবে যে - শিশু ও পূর্ণবয়স্ক -সমেত কতজন ব্যক্তি পরিবারে বাস করেন, তাদের অভিবাসনের স্থিতি নির্বিশেষে। ব্যক্তিগত উত্তরগুলিকে গোপন রাখা হবে।



১. লা এপ্রিল ২০১০ এ এই বাড়ি, অ্যাপার্টমেন্ট, বা মোবাইল হোমে কতজন বসবাস করছিলেন বা থাকছিলেন?

লোক সংখ্যা =

উত্তরদাতাদের অবশ্যই তাদের বর্ণগত/জাতিগত প্রেক্ষাপটকে চিহ্নিত করতে হবে।



৬. এই ব্যক্তি কোন্ জাতিভুক্ত? *একটি বা একাধিক বক্সেপ্র* X *চিহ্ন দিন।*

☐ শ্বেতাঙ্গ,
☐ কৃষ্ণাঙ্গ, আফ্রিকান আমেরিকান, বা নিগ্রো
☐ আমেরিকান ইন্ডিয়ান বা আলাস্কার অধিবাসী — *নথিভুক্ত বা প্রধান উপজাতির নাম লিখুন।*

☐ এশিয়ান ইন্ডিয়ান
☐ চীনে
☐ ফিলিপিনো
☐ অন্য এশিয়ান — *জাতির উল্লেখ করুন, যেমন হমং, লাওবাসী, থাই, পাকিস্তানি, ক্যাম্বোডিয়ান ইত্যাদি।*
☐ জাপানি
☐ কোরিয়ান
☐ ভিয়েতনামী
☐ হাওয়াইয়ের অধিবাসী
☐ গুয়ামানিয়ান বা ক্যামরো
☐ সামোয়ান
☐ অন্য প্যাসিফিক আয়ল্যান্ডবাসী — *জাতির উল্লেখ করুন, যেমন ফিজি, টংগা ইত্যাদি জাতিভুক্ত।*

☐ অন্য কোনো জাতি — *জাতি লিখুন*

আমেরিকান কমিউনিটি সার্ভে (ACS)

দশবার্ষিকী আদমশুমারির মধ্যে থেকে অবিন্যস্তভাবে নির্বাচিত কিছু সংখ্যক পরিবার আমেরিকান কমিউনিটি সার্ভে (ACS) ও পাবে। এই দীর্ঘতর প্রশ্নমালাটি হল সমগ্র দশক ব্যাপী আয়োজিত একটি চলমান সমীক্ষা। এই ফর্ম প্রাপক প্রত্যেক ব্যক্তিকে অবশ্যই এটা পূরণ করতে হবে।

উত্তরদাতাদের তাদের বর্ণগত এবং জাতিগত প্রেক্ষাপট চিহ্নিত করতে হবে। (এই প্রশ্ন এবং দশবার্ষিকী আদমশুমারির প্রশ নম্বর 6 একই।)

উত্তরদাতাদের অবশ্যই তাদের নাগরিকত্ব সনাক্ত করতে হবে। ফর্মটি অভিবাসনের স্থিতির বিষয়ে অথবা কেউ নথিহীন আছেন কিনা সেই ব্যাপারে জিজ্ঞাসা করে না।



8 Is this person a citizen of the United States?

☐ Yes, born in the United States → *SKIP to 10a*
☐ Yes, born in Puerto Rico, Guam, the U.S. Virgin Islands, or Northern Marianas
☐ Yes, born abroad of U.S. citizen parent or parents
☐ Yes, U.S. citizen by naturalization – *Print year of naturalization*
☐ No, not a U.S. citizen

উত্তরদাতাদের তাদের মাতৃভাষা লিখতে হবে। এই প্রশ্নটি ভাষাগত সংখ্যালঘু গোষ্ঠীর আয়তন নির্ধারণ করে।

14 a. Does this person speak a language other than English at home?

- ☐ Yes
- ☐ No → *SKIP to question 15a*

b. What is this language?

For example: Korean, Italian, Spanish, Vietnamese

‘‘আপনি কতটা ভালভাবে ইংরেজী বলতে পারেন?’’ এই প্রশ্নটির মাধ্যমে ইংরেজীর দক্ষতা পরিমাপ করা হয়। যদি অধিক সংখ্যক মানুষ ‘‘ভাল নয়’’ বা ‘‘একেবারেই নয়’’ চিহ্নিত করেন, তাহলে দ্বিভাষিক ব্যালট পেতে যাওয়ার অধিকতর সম্ভাবনা আছে।

দুর্ভাগ্যবশত, এই প্রশ্নটি কেবলমাত্র ইংরেজীতেই লেখা হয়, তাই যে সমস্ত উত্তরদাতা ইংরেজীতে কথা বলতে পারেন না তাদেরকে এই প্রশ্নের নির্ভুল উত্তর দেওয়ার জন্য সহায়তা নিতে হবে।

c. How well does this person speak English?

- ☐ Very well
- ☐ Well
- ☐ Not well
- ☐ Not at all

11 What is the highest degree or level of school this person has COMPLETED? *Mark (X) ONE box.*
If currently enrolled, mark the previous grade or highest degree received.

NO SCHOOLING COMPLETED

- ☐ No schooling completed

NURSERY OR PRESCHOOL THROUGH GRADE 12

- ☐ Nursery school
- ☐ Kindergarten
- ☐ Grade 1 through 11 – *Specify grade 1 – 11*
- ☐ 12th grade – **NO DIPLOMA**

HIGH SCHOOL GRADUATE

- ☐ Regular high school diploma
- ☐ GED or alternative credential

COLLEGE OR SOME COLLEGE

- ☐ Some college credit, but less than 1 year of college credit
- ☐ 1 or more years of college credit, no degree
- ☐ Associate's degree *(for example: AA, AS)*
- ☐ Bachelor's degree *(for example: BA, BS)*

AFTER BACHELOR'S DEGREE

- ☐ Master's degree *(for example: MA, MS, MEng, MEd, MSW, MBA)*
- ☐ Professional degree beyond a bachelor's degree *(for example: MD, DDS, DVM, LLB, JD)*
- ☐ Doctorate degree *(for example: PhD, EdD)*

আইন অনুযায়ী দ্বিভাষিক ব্যালট পাওয়ার জন্য ভাষাগত সংখ্যালঘু গোষ্ঠীর নিরক্ষরতার হারও বেশি হতে হবে। এটা এবং ইংরেজীর দক্ষতা এক নয়। নিরক্ষরতা নির্ধারণ করা হয় শিক্ষাগত যোগ্যতা অর্জনের মাধ্যমে। দ্বিভাষিক ব্যালটের জন্য যোগ্য বিবেচিত হতে গেলে ভাষাগত সংখ্যালঘু গোষ্ঠীর 10,000 এর বেশি মানুষ অথবা 5% এর বেশি মানুষের যুক্তরাষ্ট্রের 5ম গ্রেড শিক্ষার চেয়ে কম শিক্ষা থাকতে হবে। (বিদেশে প্রাপ্ত শিক্ষা বিবেচ্য নয়।)

উত্তরদাতারা যদি কেবলমাত্র ইউ..এস. এ প্রাপ্ত প্রথাগত শিক্ষাকে অন্তর্ভুক্ত করার জন্য এই প্রশ্নের উত্তর দেন - এমন কি সেটা যদি 5ম গ্রেড ইউ.এস. শিক্ষার চেয়ে কম হয় বা কোনো কিছুই না হয় - তাহলেও এটা নির্বাচনের দিনে ভাষা সহায়তার অধিকতর প্রয়োজন প্রদর্শন করবে।

আদমশুমারি ও আমেরিকান কমিউনিটি সার্ভেতে এশীয় আমেরিকান জনসংখ্যার একটি নির্ভুল গণনা এটা সুনিশ্চিত করতে সাহায্য করতে পারে যেন এশীয় আমেরিকান সম্প্রদায় দ্বিভাষিক ব্যালট ও ভাষা সহায়তা পাওয়ার অধিকারী হয়। আদমশুমারিতে অংশ নিন!

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন

এশিয়ান আমেরিকান লিগাল ডিফেন্স অ্যান্ড এডুকেশন ফান্ড (AALDEF)
99 হাডসন স্ট্রীট, 12 তলা
নিউ ইয়র্ক, NY 10013
212-966-5932
www.aaldef.org
2010census@aaldef.org